

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৪০৮

পর্ব-২২: পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس)

পরিচ্ছেদঃ ২, প্রথম অনুচ্ছেদ - পাদুকা সম্পর্কীয় বর্ণনা

الْفَصلُ الْأُوَّلُ

আরবী

وَعَنْ أَنَسٍ قَالَ: إِنَّ نَعْلَ النَّبِيِّ صَلَّى الله عَلَيْهِ وَسلم كَانَ لَهَا قبالان

বাংলা

88০৮-[২] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর স্যান্ডেলে দু'টি ফিতা ছিল। (বুখারী)[1]

ফুটনোট

[1] সহীহ: বুখারী ৫৮৫৭, আবূ দাউদ ৪১৩৪, ইবনু মাজাহ ৩৬১৫, মুসান্নাফ ইবনু আবূ শায়বাহ্ ২৪৯৩৭, মুসনাদে আবূ ইয়া'লা ৩১০১, মুসনাদে আহমাদে ১৩৫৬৮, নাসায়ী ৫৩৬৭, তিরমিয়ী ১৮৪৭-১৮৪৮, 'ত্ববারানী'র আল মু'জামুস্ সগীর লিত্ব ত্ববারানী ২৫৪, আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ৫৯৫, শু'আবুল ঈমান ৬২৬৮, সহীহুল জামি' ৮৯৫৮, আল জামি'উস্ সগীর ৪৮২৭।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর স্যান্ডেলের দু'টি ফিতা ছিল যা পায়ের দুই অঙ্গুলির মাঝে আটকিয়ে রাখতেন। পায়ের দুই অঙ্গুলি বলতে মধ্যম ও তার সাথে মিলিত অঙ্গুলিকে বুঝানো হয়েছে।

আল জাযুরী (রহিমাহুল্লাহ) বলেন, "নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম স্যান্ডেলের দু'টি ফিতা ছিল, একটি বৃদ্ধাঙ্গুলি ও মধ্যমা অঙ্গুলির মাঝে আটকিয়ে রাখতেন এবং দু'টি ফিতার অপর দুই প্রান্ত নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার পায়ের পিঠের বেল্টের সঙ্গে আটকিয়ে রাখতেন। ('আওনুল মা'বৃদ ৭ম খন্ড, হাঃ ৪১৩০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন